

সিরাজ সিকদার রচনা

সংক্ষিপ্ত সংবাদ



সিরাজ সিকদার

পূর্ববাংলার সর্বহারা পার্টি কর্তৃক রচনা ও পার্টির তাত্ত্বিক মুখপত্র লালঝাণ্ডা/ ২-এ
প্রকাশ এপ্রিল ১৯৭২

কমিউনিস্ট পার্টি মার্কসবাদী-লেনিনবাদী-মাওবাদী বাংলাদেশ কর্তৃক সর্বহারা
পথ (www.sarbaharapath.com) এর অনলাইন প্রকাশনা ৩০ অক্টোবর ২০১৩

পৃষ্ঠা ২

পূর্ববাংলার সর্বহারা পার্টি স্বতস্ফূর্তভাবে বিকাশ লাভ করছে।

ঢাকায় সম্প্রতি কিছুসংখ্যক বিপ্লবী পূর্ববাংলার সর্বহারা পার্টির সাথে যোগাযোগ করার চেষ্টা করে। কিন্তু যোগাযোগ করতে না পেরে নিজস্ব উদ্যোগেই তারা পার্টির বক্তব্য পোস্টার ও দেয়ালে লিখে প্রচার করতে থাকে। তারা ঠিক করে পার্টির বক্তব্যে তারা কাজ করে যাবে এবং একদিন না একদিন যোগাযোগ হবেই। ঢাকায় তাদের পোস্টার দেখা যায়। পরে তাদের সাথে যোগাযোগ হয়।

কিছুদিন পর এই একই ঘটনার পুনরাবৃত্তি হয়। হক-তোয়াহাদের সাথে যুক্ত ছিল এরূপ কিছু সংখ্যক বিপ্লবী আমাদের সাথে যোগাযোগ করার চেষ্টা চালায়, কিন্তু যোগাযোগ করতে না পেরে নিজেরাই পার্টির বক্তব্য অনুযায়ী কাজ করার সিদ্ধান্ত নেয়। তারা একাই প্রকাশ্য খোলাচিঠি সাইক্লো করে দেয়ালে লাগায় যোগাযোগ করার জন্য।

তাদের সাথেও যোগাযোগ হচ্ছে।

এভাবে বিভিন্ন স্থানে স্বতস্ফূর্তভাবে বিপ্লবীরা এগিয়ে আসছে সর্বহারা পার্টিতে যোগদানের জন্য।

○ সম্প্রতি ভোলায় কুখ্যাত জাতীয় শত্রু জামাতে ইসলামীর পাণ্ডা ও ডাকাত সর্দার জেবল কেরণী আমাদের কৃষক গেরিলাদের হাতে খতম হয়েছে।

মুন্সিগঞ্জে কুখ্যাত জাতীয় শত্রু টাউট ইয়াসিন শেখ আমাদের গেরিলাদের হাতে খতম হয়েছে।

যশোহরে জনৈক জাতীয় শত্রু আমাদের গেরিলাদের হাতে খতম হয়েছে। এর বিশদ বিবরণ এখনো পৌঁছেনি।

বরিশালের দক্ষিণ অঞ্চলে আমাদের গেরিলারা কয়েকটি বন্দুক জোর করে দখল করেছে। ■